

‘ আগত দরিদ্র, অসহায় ও দুঃস্থ
রোগীদের সহযোগিতার জন্য[’]
অনুদান, যাকাত ও বক্ষগত
সাহায্য প্রদানের আবেদন


অনুদান | যাকাত | বক্ষগত আবেদন



চট্টগ্রাম ইন্টারন্যাশনাল মেডিকেল কলেজ হাসপাতাল
চট্টগ্রাম ইন্টারন্যাশনাল ডেন্টাল কলেজ হাসপাতাল

(৪০০ শ্রেণী বিশিষ্ট মেডিকেল হাসপাতাল ও ৫০ টি ডেন্টাল চেয়ার সমৃদ্ধ ডেন্টাল হাসপাতাল)

২০৬/১, হাজী চান্দমিয়া রোড, শমসেরপাড়া, চান্দগাঁও, চট্টগ্রাম। ফোন: ০১৮১১-৬৫৩৭৯৬, E-mail: labiimh@gmail.com



আস্সালামু আলাইকুম ওয়ারাহমাতুল্লাহ।


আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম ইন্টারন্যাশনাল মেডিকেল কলেজ হাসপাতাল এবং চট্টগ্রাম ইন্টারন্যাশনাল ডেন্টাল কলেজ হাসপাতাল দু'টি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের চান্দগাঁও থানাধীন শমসের পাড়ায় অবস্থিত শিক্ষা ও চিকিৎসা সেবামূলক প্রতিষ্ঠান। এ দু'টি প্রতিষ্ঠান চট্টগ্রামের কয়েকজন সু-পরিচিত শিক্ষানুরাগী, সমাজসেবক ও স্বনামধন্য ব্যক্তিবর্গের সমন্বয়ে গঠিত একটি অলাভজনক ট্রাস্ট কর্তৃক পরিচালিত। একদল দক্ষ, সৎ ও নৈতিক মান সম্পন্ন চিকিৎসক তৈরি, আন্তর্জাতিক মানের সেবা স্বল্পমূল্যে প্রদান এবং সমাজের দরিদ্র ও অসহায় রোগীদের বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদানের মাধ্যমে আর্ত-মানবতার সেবা করার মহান ব্রত নিয়ে এ প্রতিষ্ঠানদ্বয় প্রতিষ্ঠিত। বর্তমানে উক্ত হাসপাতাল দু'টিতে ধনী-দরিদ্র নির্বিশেষে সকলের স্বাস্থ্য সেবা নিশ্চিত করার জন্য বিভিন্ন বিভাগে আগত রোগীদেরকে চিকিৎসার সকল পর্যায়ে স্বল্পমূল্যে সেবা প্রদানের ব্যবস্থা রয়েছে।

এছাড়াও হতদরিদ্র ও অসহায় রোগীদের জন্য বিনামূল্যে চিকিৎসা সেবা, ফ্রি ঔষধ প্রদান, অপারেশন ও অন্যান্য ক্ষেত্রে বিশেষ আর্থিক ছাড় দেয়ার মাধ্যমে প্রতিষ্ঠানদ্বয় দেশ ও জাতির কল্যাণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে যাচ্ছে। এভাবে দরিদ্র, দু:স্ত ও অসহায় রোগীদের সহযোগিতার জন্য আমাদের রয়েছে “দরিদ্র রোগী কল্যাণ তহবিল”। উক্ত তহবিল থেকে আমরা উপরোক্ত ক্ষেত্রে সার্বিক সহযোগিতা করে থাকি। এখানে উল্লেখ্য যে, অনুদান তহবিলের টাকা শুধুমাত্র দরিদ্র রোগীদের জন্য ব্যয় করা হয়। অতীতে আপনার অনুদান, যাকাত, আর্থিক ও বস্ত্রগত সাহায্য দিয়ে আর্ত-মানবতার সেবায় আমাদেরকে অনুপ্রাণিত করেছে। এজন্য আপনাকে আমরা আন্তরিকভাবে ধন্যবাদ জানাই। বর্তমানে আমাদের প্রতিষ্ঠান দু'টি সম্প্রসারিত হওয়ায় এবং বিভিন্ন নতুন বিভাগ চালু হওয়ায় রোগীর সংখ্যা বিপুল পরিমাণে বৃদ্ধি পেয়েছে। তাই, আগত দু:স্ত ও অসহায় রোগীদের সহযোগিতায় আমরা আরো বৃহৎ পরিকল্পনা গ্রহণ করেছি। এ জন্য দরিদ্র, অসহায় ও দু:স্ত রোগীদের সহযোগিতার জন্য উক্ত পরিকল্পনা বাস্তবায়নে “দরিদ্র রোগী কল্যাণ তহবিল” এ বিপুল অংকের টাকার প্রয়োজন।

এমতাবস্থায় আপনারা সংকটাপন্ন গরীব-দু:খী মানুষের জীবন বাঁচাতে, অসংখ্য গরীব মা-বোনদের প্রসবকালীন মৃত্যুবুঁকি কমাতে, দরিদ্র ও অসহায় রোগীদের অপারেশন, NICU, HDU, CCU সেবা, দাঁতের চিকিৎসা ও অন্যান্য ক্ষেত্রে আর্থিক সহযোগিতা ও বিনামূল্যে ঔষধ বিতরণের জন্য “দরিদ্র রোগী কল্যাণ তহবিল” এ আপনাদের এককালীন সাহায্য, অনুদান, যাকাত অথবা বস্ত্রগত সাহায্য দিয়ে আর্ত-মানবতার সেবায় এগিয়ে আসবেন বলে আশা করছি। আল্লাহ আমাদের সবার দান ও প্রচেষ্টাকে কবুল করে তার বিনিময়ে আমাদেরকে জায়ের খায়ের দান করুন। আমীন।

মা-আস্সালাম,
মুহাম্মদ নূর উল্লাহ
আহ্মায়ক, দরিদ্র রোগী কল্যাণ তহবিল ও
সদস্য, বোর্ড অব ট্রাস্টিজ ও সদস্য গর্ভগিৎ বডি
সিআইএমসিএইচ ও সিআইডিসিএইচ।
মোবাইল: ০১৭১১-৮৪৫৭৭৮

A/C Name:
CIMCH Rogi Kallyan Shangstha
A/C Number : 01231310000522
First Security Islami Bank Limited
Bahaddarhat Branch
Chattogram.



সংক্ষিপ্ত প্রতিবেদন

চট্টগ্রাম ইন্টারন্যাশনাল মেডিকেল কলেজ হাসপাতাল এবং চট্টগ্রাম ইন্টারন্যাশনাল ডেন্টাল কলেজ হাসপাতাল দীর্ঘদিন ধরে চট্টগ্রামের সমাজ সেবক, দানশীল ব্যক্তিবর্গদের কাছ থেকে সংগৃহীত অর্থ দরিদ্র রোগীদের কল্যাণে ব্যয় করে আসছে। প্রতি বছরের ধারাবাহিকতায় গতবছর প্রায় ৫০০০ দরিদ্র রোগীকে প্রায় ১ কোটি টাকার মত চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। দরিদ্র রোগী কল্যাণ তহবিল গঠনের পর থেকে প্রায় ২০,০০০ রোগীকে ৫ কোটি টাকার মতো চিকিৎসা সেবা দেওয়া হয়েছে। আশা করছি যে, আপনাদের সেবার হাত প্রসারিত হলে আমরা আরো বৃহত্তর পরিসরে আপনার প্রদত্ত আমানত দরিদ্র রোগীদের কল্যাণে ব্যয় করতে পারব। ইনশা'আল্লাহ।

